গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জেলা জজের কার্যালয়
রংপুর ।

**অফিস আদেশ ঃ**

নং ঃ ৭০ /২০১৭ তারিখ ঃ ২০/০৪/২০১৭ খ্রিঃ ।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-১ এর গত ২৫পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/০৮ জানুয়ারী ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ১০.০০.০০০০.১২৫.০১১.০০৪.১৬.১২ নং প্রজ্ঞাপন মোতাবেক বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ (শিক্ষানবিশ) পদে নিয়োগপ্রাপ্ত এবং রংপুর জেলা জজশীপে পদায়নকৃত জনাব আশফাকুর রহমান গত ২২/০১/২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্ন ৯.০০ ঘটিকায় রংপুর জেলা জজশীপে সহকারী জজ (শিক্ষানবিশ) পদে যোগদান করায় তাঁহাকে উক্ত প্রজ্ঞাপনের ২(ক) অনুচ্ছেদে বর্ণিত মতে গত ২২/০১/২০১৭ খ্রিঃ তারিখ হইতে ২১/০৪/২০১৭ খ্রিঃ পর্যন্ত ০৩ মাস মেয়াদে নিম্নস্বাক্ষরকারীর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলী পরিচালনা সম্পর্কে প্রশিক্ষণ সিডিউল মোতাবেক প্রশিক্ষণে নিয়োজিত করা হয় ।

জনাব আশফাকুর রহমান, সহকারী জজ (শিক্ষানবিশ) এর প্রশিক্ষণকাল সফলভাবে সমাপ্ত হওয়ায় পূনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁহাকে আগামী ২৩/০৪/২০১৭ খ্রিঃ তারিখ হইতে তাঁহার নামের পার্শ্বে বর্ণিত আদালতের বিচারিক দায়িত্বে নিয়োজিত করা হইল ।

| ক্রমিক নং | বিচারকের নাম ও পদবী | নিয়োজিত আদালত |
|---|---|---|
| ১ । | জনাব আশফাকুর রহমান<br>সহকারী জজ<br>জেলা জজশীপ, রংপুর । | সহকারী জজ আদালত<br>গঙ্গাচড়া, রংপুর । |

এই আদেশ আগামী ২৩/০৪/২০১৭ খ্রিঃ হইতে কার্যকরী হইবে ।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক ।

স্বাক্ষরিত
( হুমায়ুন কবীর )
সিনিয়র জেলা জজ
রংপুর ।

স্মারক নং ঃ জেঃজঃরং- ২০৪ (১১)/২০১৭ তারিখ ঃ ২০/০৪/২০১৭ খ্রিঃ ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ**

১ । মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২ । মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ**

১ । ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর ।
২ । ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর (তাঁহাকে সংশ্লিষ্ট সহকারী জজ এর এজলাস ও খাস কামরাসহ সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য বলা হল) ।
৩ । বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন কমিটি, রংপুর (অত্র আদেশ জেলা আদালত বাতায়নে প্রকাশের নিমিত্ত) ।
৪ । বেগম মোছাঃ জান্নাতুল রাফিন সুলতানা, সহকারী জজ, তারাগঞ্জ, রংপুর (তাঁহাকে গঙ্গাচড়া সহকারী জজ আদালতের অতিরিক্ত দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল এবং উক্ত আদালতের দায়িত্বভার আগামী ২৩/০৪/২০১৭ খ্রিঃ পূর্বাহ্নে জনাব আশফাকুর রহমান, সহকারী জজ, রংপুর বরাবর অর্পন করার নির্দেশ দেওয়া গেল ।
৫ । জনাব আশফাকুর রহমান, সহকারী জজ, রংপুর ।
৬ । জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রংপুর ।
৭ । বিজ্ঞ সভাপতি/সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, রংপুর ।
৮ । ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কাচারী বাজার শাখা, রংপুর ।
৯ । আদেশ বহি/অফিস ফাইল ।

( হুমায়ুন কবীর )
সিনিয়র জেলা জজ
রংপুর ।

D:\OFFICER-JUDGe Court\Traning Asst. Judge.doc